কুমারখালীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ, আহত ২০

কুষ্টিয়ার কুমারখালীর চাঁদপুর ইউনিয়নের ধলনগরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে অন্ততঃ ২০জন আহত হয়েছে। ভাংচুর করা হয়েছে কমপক্ষে ২০টি বাড়ি। মঙ্গলবার সকালে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

স্থানীয়দের সাথে কথা বলে জানা যায়, ধলনগর গ্রামের রবি মালিথা ও আফজাল মেম্বর গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ চলে আসছে। এর সূত্র ধরে দুইপক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে আফজাল মেম্বর গ্রুপের নারীসহ অন্ততঃ ২০ জন আহত হয়। এসময় প্রায় ২০টি বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট চালানো হয়।

এলাকাবাসীর অভিযোগ রবি মালিথার নেতৃত্বে উজ্জলসহ ১৫ থেকে ২০ জন দীর্ঘদিন ধরে এলাকায় জমিদখল, চাঁদাবাজি ও মাদক ব্যবসাসহ নানারকম অপকর্মে লিপ্ত । আফজাল মেম্বরসহ এলাকাবাসী প্রতিবাদ করায় বেশ কয়েকবার তাদের সাথে সংঘর্ষের ঘটনা ঘটে।

কুমারখালী থানার ওসি মামুনুর রশিদ (ভারপ্রাপ্ত) জানান, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মূলত দুইপক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে।

কোটচাঁদপুরে আবাসিক এলাকায় পুলিশ ফাঁড়ি নির্মাণের সিদ্ধান্তের প্রতিবাদে সংবাদ

সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের কলেজ স্ট্যাণ্ডে ঘন জনবসতি এলাকায় পৌর পুলিশ ফাঁড়ির প্রস্তাবনার জায়গার বিরোধীতা করে সংবাদ সম্মেলন করেছে এলাকাবাসী ।

মঙ্গলবার বেলা ১২টার দিকে কলেজ স্ট্যাণ্ড পাড়ার মৃত মশিয়ার রহমান চেয়ারম্যানের স্ত্রী সায়েমা রহমান এলাকাবাসীর পক্ষে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য প্রদান করেন। এসময় ৭নং পৌর ওয়ার্ড কাউন্সিলর শরাফৎ হোসেন, ব্যবসায়ী লিয়াকত আলী, নাছিরউদ্দীন, শাহাজাহান হোসেন, উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চের সভাপতি ফায়িম শাহারিয়ার, সেক্রেটারী ফায়ান তাহামিদ হৃদয়সহ এলাকার প্রায় ২০/২৫ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে সায়েমা রহমান বলেন, নিকটে থানা বা পুলিশ ফাঁড়ি থাকা নিরাপত্তার জন্য অবশ্যয় ভালো। তবে যে জায়গায় পুলিশ ফাঁড়ি করার জন্য জমির মালিক পুলিশ প্রসাসনের ঊর্ধ্বতন কর্তাদের কাছে প্রস্তাব রেখেছেন আমরা এলাকার মানুষ হিসেবে তার বিরোধীতা করছি। কেননা এটা একটি ঘন জনবসতি এলাকা।

প্রস্তাবিত ওই জমির সামনে এবং পাশ দিয়ে যে রাস্তা গেছে তা অত্যন্ত সরু রাস্তা। সে রাস্তা দুটি দিয়ে দুটি ইজিবাইক চলাচল করতে সমস্যা হয়। অথচ ওই জায়গায় সরকারের একটি গুরুপূর্ণ ব্যস্ততম প্রতিষ্ঠান পৌর পুলিশ ফাঁড়ি হলে এলাকার মানুষের চলাচলে বিঘ্নের সৃষ্টি হবে। তাছাড়া প্রস্তাবিত ৪৯ শতক জমির মধ্যে এর আগে জমি মালিকদের এক ভাই ৮শতক জমি বিক্রি করেছেন। ওই জমি ফিরিয়ে নিয়ে ইতোমধ্যে অন্য দুই ভাই হকসেবা করে আদালতে টাকা জমা দিয়েছেন। সায়েমা রহমান বলেন -ওই জমি ফিরিয়ে নিয়ে একত্রে পুলিশ ফাঁড়ির জন্য বিক্রি করবেন বলে পাঁয়তারা চালাচ্ছেন।

এদিকে জমি মালিকদের তিন ভাইয়ের মধ্যে বড় ভাই মুক্তার হোসেন বলেন- প্রায় আড়াই বছর আগে পুলিশ প্রসাশনের সাথে তাদের কথা হয়েছিল তারা জমি দেখে জমির পর্চাও নিয়ে যান। এর পরে তাদের আর কোন কথা হয়নি। তিনি বলেন এর মধ্যে তার মেঝে ভাই আক্তারুজ্জামান ৮শতক জমি বিক্রি করে দিয়েছেন।

ওই জমি ফিরিয়ে নিতে তারা ইতোমধ্যেই আদালতে টাকা জমা দিয়েছেন বলে জানান। তিনি চান ওই জমিতে পুলিশ ফাঁড়ি হোক। তিনি বলেন সম্পূর্ণ

জমিটি একবারে বিক্রি হলে তারা সকলেই টাকা ভাগ করে নিতে পারবেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহাবুব আলম বলেন, এক সময় জমির মালিকের সাথে কথা হয়েছিল বলে তিনি শুনেছেন। তার পর থেকে আমাদের কাছে কোন দিক নির্দেশানা আসে নাই। সে কারণে ওখানেই পুলিশ ফাঁড়ি হবে কিনা এই বিষয়ে আমার জানা নেই।

কোটচাঁদপুরে বিএনপি’র ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র আলাদা আয়োজনে দলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকাল ১১ টায় পৌর বিএনপি’র আয়োজনে শহরের পায়রা চত্তরে পৌর বিএনপি’র দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে পৌর বিএনপি’র আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র সালাহ্উদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন, সদস্য সচিব ফারুক হোসেন খোকন, যুগ্ন-আহ্বায়ক ফারুকুল আলম শেখা, যুগ্ন-আহ্বায়ক রুস্তম কবির, যুবদল নেতা ফয়েজ আহমেদ তুফান, যুবদল নেতা ইমদাদুল হক সহ পৌর বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা।

অন্যদিকে উপজেলা বিএনপি’র আয়োজনে শহরের মেইন বাসস্টান্ডের অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, সাবেক উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক একরামুল হক, সাবেক ছাত্র নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, বিএনপি নেতা আতিয়ার রহমান, মিজানুর রহমান শান্টু, মোহাম্মদ আলী, লিয়াকত আলী, আশরাফ আলী, ইউপি সদস্য মইদুল ইসলাম, শহিদুল ইসলাম

ভূইয়া, যুবদল নেতা সাইফুল ইসলাম মিন্টু, হাফিজুর রহমান, সাবেক ছাত্র নেতা এম এ মামুন সহ বিভিন্ন ইউনিয়ন বিএনপি’র নেতা-কর্মীরা।

পরে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত সহ দল ও দেশের মঙ্গল কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। শেষে নেতা-কর্মীদের উপস্থিতিতে কেক কাটা হয়।

জীবননগরে মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন

জীবননগরে মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে মাস ব্যাপী ভ্রাম্যমাণ কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন করা হয়।

টেকনোলজি এম পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকব) প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে এক মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষেদেও চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রশিক্ষক আব্দুল্লাহ আল মামুন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী প্রমুখ।

জীবননগরে বিএনপির ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

জীবননগরে বিএনপির ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৯টার সময় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে উপজেলা বিএনপির অস্থায়ী কার্যলয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তলনসহ দোয়া ও আলোচনা সভা শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়।

জীবননগর পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি আঃ রশিদের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জেলা যুবদলের সহ-সভাপতি আবুল হোসেন তোয়া, আরিফ জাহাঙ্গীর রাজা, পৌর যুবদলের আহবায়ক ও পৌর কাউন্সিলার হযরত আলী, পৌর বিএনপি নেতা মজনু রহমান, পৌর কাউন্সিলার আপিল মাহমুদ, হাবিবুর রহমান হবি, সাবেক কাউন্সিলার হাসান ,রায়হান নবী, খালেক,আশরাফ আলী, আমান হোসেন, রফা, বিএনপি নেতা বদর উদ্দিন বাদল, আয়ুব হোসেন, হাফিজুর রহমান, শহিদুল ইসলাম,

রফিউল ইসলাম, সেলিম হোসেন,রেজাউল, মতিয়ার, জাহাঙ্গীর, আতিয়ার রহমান, মোস্তাফিজুর রহমান সোনা, সালাম, মিজান, বাশার মেম্বার, ডাঃ মিজান, আলী হোসেন, টিপু মেম্বার, আমিনুল, জাফির মেম্বার, যুবদল নেতা আলতাফ, সাইফুল, সরোয়ার, রানা, সমসের, শিলন, মন্টু, আবুল,হাসানুজ্জামান, কাশেম,লাল, মিজান, ভুট্টু, সাইফুল, মিজান, শামীম, জিয়া, ইনামুল, বাবু, সুমন, মামুন, শাহিন,আরজ,নাজমুল ,জাহাঙ্গীর,কানন, জুলফিক্কার, মজিদ, সালাম মেম্বার, বকুল পৌর যুবদল নেতা, আনার হোসেন,

রাশেদিন, বাহার, রাজ্জাক, রবগুল, মোমিন, আরজ, সামাউল,মিঠু, আলফাজ, শুকুর, সাকের, হাকিম, শাজামাল, জাহাঙ্গীর, ইনাম, আরিফ, সান্টু, উপজেলা ছাত্রদল, মামুন পারভেজ, জ্যাকি, মাজেদ, রুবেল, তুহিন, শাহিন,রাসেল,পৌর ছাত্রদল নেতা , রাসেল, মুরাদ জন, আলামিন ,সম্রাট, নাজমুল, শাওন, সবুজ, তবিবুর, আফ্রিদি,কলেজ ছাত্রদল নেতা, রুমান, মুরাদ ছোট, ইমন, নাহিদ, হাসান, স্বাধীন প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা যুবদলের আহবায়ক ও ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন ।

করোনায় চাকরি হারিয়ে খাবার ডেলিভারি দিয়ে রোজগার করছেন পাইলট

করোনাভাইরাসের কারণ চাকরি হারিয়ে বেকার হয়েছেন থাই লায়ন এয়ারে ফার্স্ট অফিসার (সহপাইলট) নাকারিন ইন্তা। এখন তিনি মোটরসাইকেলে খাবার ডেলিভারি দিয়ে রোজগার করছেন।

চার বছর ধরে থাই লায়ন এয়ারে ফার্স্ট অফিসার হিসেবে কাজ করছেন ইন্তা।

করোনার কারণে বিশ্বের বহু বাণিজ্যিক বিমান সংস্থার কার্যক্রম বন্ধ রয়েছে। তাই এ পেশার সঙ্গে যুক্ত অনেকেই বিকল্প আয়ের পথ খুঁজেছেন। ইন্তাও তার ব্যতিক্রম নয়।

থাইল্যান্ডে লকডাউন শিথিলের পর এ মাসে অভ্যন্তরীণ পর্যটন শুরু হয়েছে কিছু দিন হলো। তাই ইন্তার মতো অনেকেই এখন রোজগারের জন্য অন্য পেশা বেছে নিয়েছেন।

অনেকেই এখন মোটরসাইকেল চালিয়ে খাবার ডেলিভারি দেয়া কিংবা রাইড শেয়ারিং অ্যাপের মাধ্যমে গাড়িচালক হিসেবে কাজ করছেন।

ইন্তা এখন থাইল্যান্ডের মেসেঞ্জার অ্যাপ ‘লাইনম্যান’-এর হয়ে খাবার ডেলিভারি দিচ্ছেন।

তিনি জানান, ‘কিছু এয়ারলাইনের কর্মীকে বিনাবেতনে ছুটিতে যেতে হয়েছে। তাদের বেশিরভাগের উপার্জন ৭০ শতাংশ কাটা গেছে। তবে প্রতি মাসে নির্ধারিত ব্যয় তা রয়েছেই। তাই আমাকে নিজে থেকে একটি কাজ খুঁজে নিতে হয়েছে।’

পাইলট হিসেবে মাসে ৬ থেকে ৮ হাজার ডলার আয় করতেন ৪২ বছর বয়সী নাকারিন ইন্তা। থাইল্যান্ডে বাজেট এয়ারলাইনসের সংখ্যা বাড়তে দেখায় বাণিজ্যিক বিমান চালনার ডিগ্রির জন্য পড়াশোনা করেন নাকারিন ইন্তা। এর পর থাই লায়ন এয়ারে চাকরি জুটে যায়।

চলতি বছরের মার্চের মাঝামাঝি থেকে করোনাভাইরাস প্রাদুর্ভাবের কারণে দিনে ৩০ ডলার (২ হাজার ৬০০ টাকা) পেলেও তিনি খুশি। বিজয়ীর হাসি নিয়ে ঘরে ফেরেন।

তথ্যসূত্র: সিএনএন

দর্শনা কেরুর আখ রোপণ মৌসুমের উদ্ধোধন

কেরু এন্ড কোম্পানীর জমিতে ২০২০-২০২১ অর্থ বছরের আখ রোপণ মৌসুমের উদ্ধোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে কেরুর ব্যবস্থাপনা পরিচালক মো আবু সাইদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রোপন মৌসুমের উদ্ধোধন করেন।

চিনিকলের কৃষি বিভাগ জানায়, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন কতৃপক্ষ এ মৌসুমে ৯ হাজার একর জমিতে আখ রোপণের লক্ষমাত্রা নির্ধারণ করে দিয়েছেন। গতকাল মঙলবার চিনি কল এলাকার ১০টি স্থানে মোট ৫২ একর জমিতে আখ রোপণের মধ্যে দিয়ে উদ্ধোধন করা হয়েছে ।

এ সময় জি এম(কৃষি) গিয়াস উদ্দীন, ডিজিএম (খামার) হুমায়ুন কবির, শ্রমিক সংগঠনের সভাপতি মো তৈয়ব আলি সাধারণ সম্পাদক মাসুদুর রহমানসহ চিনিকলের বিভাগীয় কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত বছর চিনি করপোরেশন কেরু চিনিকল কতৃপক্ষকে ১০ হাজার একর জমিতে আখ রোপণের লক্ষমাত্রা নির্ধারণ করে দিলেও ৮হাজার ৫শ ৩২ একর জমিতে আখ রোপণ করা হয়েছিল।

দর্শনা পৌরসভার হিসাব রক্ষক পলাশ সাময়িক বরখাস্ত

চেক জালিয়াতির অপরাধে চুয়াডাঙ্গা জেলার দর্শনা পৌরসভার হিসাব রক্ষক এস এম রুমি আলম পলাশ কে সাময়িক বরখাস্ত করেছে পৌর পরিষদ।

জানা গেছে, দর্শনা পৌর সভার চলতি বছরের বার্ষিক হিসাব করতে গিয়ে দেখা য়ায় হিসাব রক্ষক এস এম রুমি আলম পলাশ ও সহকারী ইঞ্জিনিয়ার আব্দুস সামাদের যোগসাজসে পৌর মেয়র মতিয়ার রহমান এর সই জাল করে ১৭ লাখ ৫২ হাজার টাকা উত্তোলন করেছেন।

বিষটি দর্শনা পৌর দৃষ্টিগোচরে আসে। ফলে হিসাব রক্ষক এস এম রুমি আলমকে সাময়িক বরখাস্ত করে পৌর কর্তৃপক্ষ ৩ সদস্যর একটি তদন্ত দল গঠন করেন।

এ তদন্ত দলে রয়েছেন দর্শনা পৌর সচিব মনিরুজ্জামান সিকদার সরোয়ার হোসেন ও ইউনুস আলী। ঘটনাটি দর্শনা পৌর সচিবের নিকট জানতে চাইলে তিনি বলেন, তদন্তের সার্থে আমরা এখন কিছুই বলবো না। তদন্ত শেষে জানাতে পারবো। এ বিষয় দর্শনা পৌর মেয়র বলেন, বিষয়টি তদন্ত শেষে আমরা পরে জানাতে পারবো।

মেহেরপুরে বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪২ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে জেলা আইনজীবী সমিতি মিলনায়তনে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় তিনি বলেন, বাংলাদেশের সবচেয়ে বেশি বাণিজ্য হচ্ছে

মুক্তিযুদ্ধের চেতনার নামে, মুক্তিযুদ্ধের চেতনাকে সামনে রেখে মুক্তিযোদ্ধার কথা বলে সবচেয়ে বেশি লুটপাট করছে। দেড় গজের কালো মুজিব কোট পরে সারা বাংলাদেশে একশ্রেণীর বিশাল জনগোষ্ঠী লুটপাট করতে নেমেছে।

করোনাকালীন মানুষ জীবন-জীবিকা নিয়ে ব্যস্ত। একদিকে বন্যায় ভাসছে বাংলাদেশ অন্যদিকে করোনাই অস্বাস্থ্যকর পরিবেশ চিকিৎসার অভাবে মানুষ তার জীবন ও জীবিকা কে নির্দিষ্ট ধারাবাহিকতায় পরিচালনা করছে। রাষ্ট্র যখন জনগণের সামর্থ্য হারায় জনগণের ভোট যখন হরণ করে সেই রাষ্ট্রকে একটি কোষ্ঠবদ্ধতা রাষ্ট্র আর পুলিশ বাদী রাষ্ট্র যাই বলুন না কেন সেই রাষ্ট্র হল প্রকৃত অর্থেই জনগণের বিরুদ্ধে একটি পরিচালিত রাষ্ট্র ব্যবস্থা। এই রাষ্ট্রব্যবস্থাকে কখনো ভারতের সমর্থনে টিকিয়ে রাখার চেষ্টা করা হয়েছে, কখনো অন্যদেশের সমর্থনে টিকিয়ে রাখা হয়েছে। তার বিনিময়ে দেশের সম্পদ লুণ্ঠনের সুযোগ করে দিয়েছে অন্য দেশকে।

এসময় আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, তাঁতী দলের সভাপতি আরজুল্লা মাস্টার বাবলু, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সহসভাপতি আকিব জাভেদ সেনজির।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি মুশাররফ হোসেন তপু, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, সদস্য সচিব আনোয়ারুল ইসলাম,জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আলমগীর হোসেন,সাংগঠনিক সম্পাদক সাঈদ বিন রফিক সিজার সহ মেহেরপুর জেলা বিএনপি, যুবদল,স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদল সহ সকল অংগ সংগঠনের নেতৃবৃন্দরা

চুয়াডাঙ্গায় সুবিধা বঞ্চিত আনারুল’কে হুইল চেয়ার প্রদান করলেন পুলিশ সুপার

ফেসবুকের একটি পোস্ট নজরে আসার পর চুয়াডাঙ্গার দর্শনার থানার গড়াইটুপি গ্রামের পক্ষাঘাতগ্রস্থ আনারুল ইসলামকে একটি হুইল চেয়ার প্রদান করেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

গতকাল মঙ্গলবার সকালে পুলিশ সুপারে এ হুইল চেয়ার তাকে প্রদান করেন।

এসময় পুলিশ সুপার বলেন, পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি নৈতিক দায়িত্ববোধ থেকে তিনি তার সাধ্যমত জনগণকে সেবা দেওয়ার চেষ্টা করে যাচ্ছেন। এসময় তিনি চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন।

জানা গেছে, “চুয়াডাঙ্গা আঞ্চলিক ভাষা পরিষদ” নামের একটি ফেসবুক গ্রুপে পোস্ট করেন চুয়াডাঙ্গা দর্শনা থানার গড়াইটুপি গ্রামের আনারুল পঙ্গুত্ব বরণ করে অসহায় জীবনযাপন করছে। সেখানে তার জন্য একটি হুইল চেয়ারের জন্য আবেদন করা হয়। আবেদেনর বিষয়টি পুলিশ সুপারের নজরে আসলে তিনি তাকে হুইল চেয়ার দেওয়ার কথা ঘোষনা দেন।

উল্লেখ্য, “মুজিবর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার” এই মূলমন্ত্র বুকে ধারণ করে বাংলাদেশ পুলিশ পেশাগত দায়িত্বের পাশাপাশি দেশের যেকোন জরুরী পরিসেবা এবং সামাজিক, মানবিক ও উৎসাহমূলক কার্যক্রমে ভূমিকা রেখে চলেছেন। তারই অংশ হিসেবে মানবিক পুলিশ সুপার খ্যাত মোঃ জাহিদুল ইসলাম একের পর এক গণমুখী কার্যক্রম গ্রহণ করছেন।